কালের কণ্ঠ

তারিখ 02 DEC 2015
পৃষ্ঠা ১৩ কলাম ২

# ১০ হাজার শিক্ষককে এমপিওভুক্তির সুপারিশ

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি কলেজের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের প্রায় ১০ হাজার শিক্ষককে এমপিওভুক্তির সুপারিশ করেছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। কমিটির সুপারিশ বাস্তবায়নে অর্থ মন্ত্রণালয়ে চিঠি পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এ ছাড়া স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর মাধ্যমেও মন্ত্রণালয়কে একই সুপারিশের কথা জানানো হবে।

গতকাল মঙ্গলবার দুপুরে জাতীয় সংসদ ভবনে অনুষ্ঠিত সংসদীয় কমিটির বৈঠকে দীর্ঘ আলোচনা শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়। কমিটির সভাপতি ডা. মো. আফছারুল আমীনের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে কমিটির সদস্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, মো. আব্দুল কুদ্দুস, ছলিম উদ্দীন তরফদার, গোলাম মোস্তফা, এস এম আবুল কালাম আজাদ, মোহাম্মদ মামুনুর রশিদ ও সেলিনা আক্তার বানু এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কমিটি সূত্র জানায়, ১৯৯৩-৯৪ সাল থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজ পর্যায়ে স্নাতক ও স্নাতকোত্তর এমপিওভুক্ত হয়। স্নাতক ও স্নাতকোত্তর কোর্স চালু করার জন্য প্রতি বিষয়ের জন্য কলেজে কমপক্ষে ছয় থেকে আটজন শিক্ষক থাকা আবশ্যক। স্নাতক ও স্নাতকোত্তর কোর্স চালু হওয়ার পর প্রতি বিষয়ের জন্য শিক্ষকদের এমপিওভুক্তির অনুপাত বাড়ানো হয়নি। এমপিওভুক্তির বিধিমালায় স্নাতক ও স্নাতকোত্তর কলেজের শিক্ষকদের রাখা হয়নি। ফলে যেসব কলেজে বিভিন্ন বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর কোর্স চালু করা হয়েছে সেই প্রতিষ্ঠানের শিক্ষকরা কোর্সগুলোয় পাঠদানের জন্য আলাদা কোনো সম্মানি ভাতা পান না। ওই শিক্ষকদের নিজেদের ব্যবস্থাপনা থেকে বেতন-ভাতা দিয়ে থাকে কলেজগুলো।

বৈঠক শেষে কমিটির সদস্য ছলিম উদ্দীন তরফদার সাংবাদিকদের জানান, দীর্ঘদিন ধরেই কলেজগুলোর স্নাতক ও স্নাতকোত্তর কোর্সের শিক্ষকরা এমপিওভুক্ত নয়। সংসদীয় কমিটি বিষয়টি বিবেচনায় নিয়ে তাদের এমপিওভুক্তির জন্য অর্থ মন্ত্রণালয়ে চিঠি দেবে। সংসদীয় কমিটির পক্ষ থেকে এ বিষয়ে দুটি চিঠি দেওয়া হবে। একটি স্পিকারের মাধ্যমে এবং আরেকটি সরাসরি অর্থ মন্ত্রণালয়কে।

এদিকে বৈঠকে ৬৪টি জেলার সব শিক্ষাপ্রতিষ্ঠানে চলতি ডিসেম্বর মাস থেকে 'মা সমাবেশ' এর আয়োজনের কথা বলা হয়েছে।